

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ / ০২ জুলাই, ২০১৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-২৩০-আইন/২০১৩/৬৮৬-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৮ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, উহার ২৪ জ্যেষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৮৩-আইন/২০১২/৬৪১-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) টেবিল-১ এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা ৯৪.০৩ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এক্সিসমূহ বিলুপ্ত হইবে;

(খ) টেবিল-২ এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০২৩ এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ উল্লিখিত এক্সিসমূহের পর কলাম (১) এ নিম্নরূপ শিরনামা সংখ্যা এবং উহার বিপরীতে কলাম (২) ও (৩) এ নিম্নরূপ এক্সিসমূহ সন্নিবেশিত হইবে, যথাঃ-

"S০২৪

S০২৪.০০

আসবাবপত্রের বিপণন কেন্দ্র"।

২। এই প্রজ্ঞাপন ২৩ জ্যেষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(হাছান মুহম্মদ তারেক রিকাবদার)
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)